

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
অডিট-২ অধিশাখা।
www.lgd.gov.bd

স্মারক নং ৪৬.০৪৯.০০২.০২.০০.১৭৯.২০১১-০৬৬

তারিখ: ১০/০১/১৬ ইং

বিষয়: ফেনী পৌরসভা কার্যালয়ের ১৯৯৬-২০০৩ সনের অডিট আপত্তির জবাব প্রেরণ।

সূত্র: ফেনী পৌরসভা কার্যালয়ের স্মারক নং-৫৪২, তারিখ: ১১/০৭/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ফেনী পৌরসভা কার্যালয়ের ১৯৯৬-১৯৯৭ অর্থ বছরের অনুচ্ছেদ ৮ ও ৯ এবং ২০০২-২০০৩ অর্থ বছরের অনুচ্ছেদ ১ এর জবাব পর্যালোচনাতে সন্তোষজনক বিবেচিত হয়নি।

এমতাবস্থায়, মন্ত্রণালয়ের ছক ও নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক ১৯৯৬-১৯৯৭ অর্থ বছরের অনুচ্ছেদ ৮ ও ৯ এবং ২০০২-২০০৩ অর্থ বছরের অনুচ্ছেদ ১ এর আপত্তিকৃত সমুদয় অর্থ আদায়পূর্বক সংশ্লিষ্ট তহবিলে জমা করে সমর্থনে জমার সিটিআর/আইবাস কপি সহ পুনরায় ২(দই) সেট জবাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

অডিট আপত্তি দ্রুত ও কার্যকরভাবে নিষ্পত্তিকল্পে বিষয়টি অতি জরুরী হিসেবে বিবেচ্য।

ছক			
আপত্তির সন ও অনুঃ নং	অডিট আপত্তির শিরোনাম ও আপত্তির বিস্তারিত বিবরণ	স্থানীয় অফিসের জবাব	নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/মন্ত্রণালয়ের মন্তব্য
১	২	৩	৪

সংযুক্ত: ৪ বর্ণনামতে।

অনুসরণীয় নির্দেশনা

- গুণমাত্র অগ্রিম অনুচ্ছেদসমূহের জবাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;
- আপত্তিকৃত অর্থ যথাযথ খাতে জমাপূর্বক প্রমাণকসহ পৃথক, পৃথক ভাবে ২ সেট জবাব দাখিল করতে হবে;
- স্থানীয় অফিসের জবাবের মধ্যে চালান নং, তারিখ ও টাকার পরিমাণ উল্লেখ করতে হবে;
- চালানের মাধ্যমে টাকা জমার স্বপক্ষে নামাংকিত সীলসহ সিটিআর/আইবাস দাখিল করতে হবে;
- প্রতি পাতায় একটি করে জবাব এবং জবাবের সাথেই প্রমাণক সংযুক্ত করতে হবে;
- সকল প্রমাণক সত্যায়িত করে প্রেরণ করতে হবে;
- সকল স্বাক্ষরের নীচে নামাংকিত সিল ব্যবহার করতে হবে; এবং
- টাকার অংক উল্লেখপূর্বক আপত্তির শিরোনাম ও বিস্তারিত বিবরণ উল্লেখ করতে হবে।
- ৪ নং কলাম সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক পূরণযোগ্য নয়।

মেয়র
ফেনী পৌরসভা
ফেনী।

অনুলিপি কার্যার্থে ও জ্ঞাতার্থে:

- অতিরিক্ত সচিব (প্রশাসন/নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
- যুগ্ম সচিব (অডিট/নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ।
- মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী।
- কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হল)।
- সংরক্ষণ নথি।

মোঃ এরশাদুল হক
উপসচিব
ফোন-৯৫৪০৩২৬।